## জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে হত্যার হুমকির প্রতিবাদে বিক্ষোভ



মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে এই কর্মসূচি পালন করেন তারা। ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৫ নভেম্বর ২০২৪ | ২০:৩৭



জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এ এস এম আমানুল্লাহকে হত্যার হুমকির প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং অন-ক্যাম্পাসের শিক্ষার্থীরা। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে এই কর্মসূচি পালন করেন তারা।

বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ও পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মো. এনামুল করিমের সভাপতিত্বে এবং এস্টেট দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মোসলেম উদ্দিনের সঞ্চালনায় সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. নুরুল ইসলাম, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফকির রফিকুল আলম, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. আবুদ্দারদা, বিশ্ববিদ্যালয়ের পেশাজীবী পরিষদের সহ-সভাপতি ও আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ বেলাল হোসেন, প্রকৌশল দপ্তরের প্রধান ভারপ্রাপ্ত প্রকৌশলী মো. মিজানুর রহমান, অতিরিক্ত কলেজ পরিদর্শক মো. সানাউল্লাহ মিঞা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মো. জাকির হোসেন, সহযোগী অধ্যাপক সৈয়দ আফজাল হোসেন, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাজিমউদ্দিন আহমেদ সিশিম, কর্মচারীদের পক্ষ থেকে ইকবাল হোসেন, অন-ক্যাম্পাস শিক্ষার্থীদের মধ্যে থেকে অফিউল হাসান, শাহরিয়ার রহমান, আরিফুল প্রমুখ।

সমাবেশে বক্তারা উপাচার্যকে হত্যার হুমকিদাতাকে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান। উপ-উপাচার্য নুরুল ইসলাম বলেন, এ ধরনের হুমকি উপাচার্যের সংস্কারের উদ্যোগ এবং সার্বিক উন্নয়ন কার্যক্রমকে ব্যাহত করার অপচেষ্টা মাত্র। তিনি বলেন, এ আঘাত বৈষম্য বিরোধী আন্দোলনে শহিদ ও আহত ছাত্র-জনতার উপর আঘাত। আমরা শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বাংলাদেশের শিক্ষার্থীরা এ হুমকি বরদাস্ত করবো না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অভিভাবককে হুমকি দেয়া মানে তার সংশ্লিষ্ট সকলকে হুমকির সামিল। এ হুমকি একজনের জন্য নয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্তর্বর্তীকালীন সরকারের সাথে যারা সহমত পোষণ করে কাজ করছে তাদের জন্য হুমকি স্বরূপ।